



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প

তারিখঃ ৮ মার্চ ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সরকার, যুক্তরাজ্যের এফসিডিও এবং ইউএনডিপি'র অর্থায়নে পরিচালিত স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়নাত্মক প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	যোগ্যতা
১.	কমিউনিটি ফেসিলিটের বেতনঃ সর্বসাকুল্যে প্রতিমাসে ৭,২০০ টাকা	০৪ জন	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পাশ। তবে উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। খ) জনগোষ্ঠী সংগঠিতকরণ, সঞ্চয় ও ঋণ কার্যক্রম, দক্ষতা উন্নয়ন, ভৌত অবকাঠামো উন্নয়ন ইত্যাদি কাজে কমপক্ষে ২ (দুই) বছরের অভিজ্ঞতা। গ) নগর দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়ন অথবা নগর দারিদ্র হ্রাসকরণ প্রকল্পে কাজ করার অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২.	সোসিও-ইকোনোমিক ও নিউট্রিশন ফ্যাসিলিটের বেতনঃ সর্বসাকুল্যে প্রতিমাসে ৭,২০০ টাকা	১৩ জন	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পাশ। তবে উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। খ) নগর দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়ন/জনস্বাস্থ্য/নারী ও শিশু নির্বাহন, স্বাস্থ্য ও পুষ্টি সংশ্লিষ্ট প্রকল্পে কমপক্ষে ২ (দুই) বছরের কাজ করার অভিজ্ঞতা। গ) এনজিও ও সরকারের সাথে কাজ করার অভিজ্ঞতা।

আবেদনের সাথে নিয়মাবলী এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলীঃ

- শুধুমাত্র নারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- আগ্রহী সকল প্রার্থীকে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (৩য় তলা), নগর ভবন, গাজীপুর সিটি করপোরেশন, গাজীপুর বরাবরে ডাক যোগে/সরাসরি সকল কাগজপত্রের ০১ সেট ফটোকপিসহ আবেদনপত্র আগামী ১৮ মার্চ ২০২১ইং তারিখের মধ্যে পাঠাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন গৃহীত হবে না।
- উক্ত পদের কার্য বিবরণী এবং চাকরির আবেদন পত্র গাজীপুর সিটি করপোরেশন অবস্থিত প্রজেক্ট অফিসে পাওয়া যাবে। সরবরাহকৃত আবেদন পত্রে আবেদন করতে হবে।
- কর্ম এলাকা: সি এফ এর জন্য ০৭, ০৯, ১১ ও ৩৪ নং ওয়ার্ড এবং এস ই এন এফ এর জন্য ৮, ৯, ১০, ২২, ২৩, ২৪, ২৬, ২৭, ২৯, ৩৫, ও ৩৬ নং ওয়ার্ড গাজীপুর সিটি করপোরেশন।
- খামের উপর প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।
- ০১ মার্চ ২০২১ তারিখে প্রার্থীর বয়স ১৮-৪৫ বছর হতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সাথে নিয়ে আসতে হবে।
- পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ডাকযোগে / মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।
- কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর